# পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র পরিচালনা বোর্ডের ১৪তম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র পরিচালনা বোর্ডের ১৪তম সভা বিগত ২৯-০১-২০১৪ খ্রিঃ পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পানি সম্পদ মন্ত্রী এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের চেয়ারম্যান জনাব আনিসুল ইসলাম মাহ্‌মুদ, এমপি সভায় সভাপতিত্ব করেন। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপ-মন্ত্রী জনাব আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব, এমপি সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/প্রতিনিধি গণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে সভার কাজ শুরু করার অনুরোধ করেন। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় ওয়ারপোর মহাপরিচালক কে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর মহপরিচালক, ওয়ারপো আলোচ্য বিষয় অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১ : ওয়ারপোর বিষয়ে একটি সার-সংক্ষেপ উপস্থাপন**

**উপস্থাপনা ও আলোচনা:**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাপরিচালক, ওয়ারপোর ১৪তম বোর্ড সভার প্রেক্ষাপট তুলে ধরেন এবং ওয়ারপোর উপর একটি সার-সংক্ষেপ ওয়ারপোর পরিচালক (কারিগরী) কে উপস্থাপন করার অনুমতি প্রার্থনা করেন। অনুমতিপ্রাপ্ত হয়ে ওয়ারপোর পরিচালক (কারিগরী) ওয়ারপোর উপর একটি সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করেন। উপস্থাপনা শেষে ওয়ারপোর উপর আলোচনায় পর্যায়ক্রমে অংশ নেন জনাব এম. এ. এন. ছিদ্দিক, সচিব, সড়ক বিভাগ; জনাব এম. এ. হান্নান, অতিরিক্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়; জনাব মোঃ আলাউদ্দিন, অতিরিক্ত সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, কারিগরী কমিটিতে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তির বিষয়ে আইনের সীমাবদ্ধতার কথা উল্লেখ করেন।

সচিব, সড়ক বিভাগ বলেন, সড়ক ও জনপথ বিভাগ একটি গুরুত্বপূর্ণ stakeholder বিধায় ওয়ারপোর কারিগরী কমিটিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করা বাঞ্চনীয় হবে। অনুরূপভাবে অতিরিক্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় পরিবেশ অধিদপ্তরের একজন প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করার মত দেন।

সচিব, সড়ক বিভাগ, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) এর উপর পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় জাতীয় লক্ষ্য, উদ্দেশ্য সম্পর্কিত সরকারের হালনাগাদ mission ও vision সমূহ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিগত স্বল্প ও মধ্য মেয়াদে এনডব্লিউএমপি বাস্তবায়নের সাফল্য ও ব্যর্থতা বিষয়ে জানা প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।

অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কার্যপরিধির ব্যপকতা এবং সুষ্ঠু বাস্তবায়নের জন্য বর্তমান আইনে মাত্র ২ জন পরিচালক এর ব্যবস্থা পর্যাপ্ত নয় বলে উল্লেখ করেন। একাধিক সদস্য ওয়ারপোর পরিচালনা বোর্ডের সদস্যদের তালিকায় মন্ত্রণালয়ের নাম সংশোধনের বিষয়টি উল্লেখ পূর্বক কারিগরী কমিটি পূনর্গঠনের পরামর্শ দেন।

এ পর্যায়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সময়ের প্রয়োজনে যুগোপযোগী করা প্রয়োজন বলে উল্লেখ করেন। আইনটি যাতে যথেষ্ট flexible হয় এবং সময়ের সাথে ব্যবহার উপযোগী হয় সেই বিষয়টি মনে রেখে এটি হালনাগাদ করা প্রয়োজন। এছাড়া সদ্য অনুমোদিত বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আলোকেও ওয়ারপোর "পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২" হালনাগাদ করা প্রয়োজন। তিনি জানান আইনটি সংশোধনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে আহবায়ক এবং ওয়ারপোর মহাপরিচালক কে সদস্য-সচিব করে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত:**

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সংশোধনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে আহবায়ক ও ওয়ারপোর মহাপরিচালককে সদস্য-সচিব করে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-২ : পরিচালনা বোর্ডের ১৩তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

**আলোচনা:**

ওয়ারপোর মহাপরিচালক পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ১৩তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং তিনি সভাকে জানান ইতোপূর্বে কার্যবিবরণী সংশ্লিষ্ট সদস্যদের নিকট প্রেরণ করা হয়। এতে কোন সংশোধনীয় প্রস্তাব পাওয়া যায়নি।

সভায় উপস্থিত সকল সদস্য উক্ত পরিচালনা বোর্ডের ১৩তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদনের সুপারিশ করেন।

**সিদ্ধান্ত:**

১৩তম ওয়ারপোর পরিচালনা বোর্ডের সভার কার্যবিবরণী কোন সংশোধনী ছাড়াই অনুমোদন করা হয়।

**আলোচ্য বিষয়-৩: পরিচালনা বোর্ডের ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন**

**আলোচনা:**

ওয়ারপোর মহাপরিচালক পরিচালনা বোর্ডের ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। উপস্থাপন শেষে সভায় উপস্থিত সকলে সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

পরিচালনা বোর্ডের ১৩তম সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে ওয়ারপোর গৃহীত পদক্ষেপ সভায় উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন।

**আলোচ্য বিষয়-৪: ওয়ারপো'র পরিচালনা বোর্ড ও কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি দুটি অনুমোদন এবং ওয়ারপোর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা-২০১৪ বিষয়ে সুপারিশ প্রদান**

**আলোচনা:**

এ পর্যায়ে ওয়ারপোর মহাপরিচালক জানান যে ১৩তম বোর্ড সভায় উক্ত কার্যপদ্ধতি দু'টি ও ওয়ারপোর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা-২০১৪ উপস্থাপন করা হয়। সভায় অল্প সময়ে বিষয়গুলি পরীক্ষা নিরীক্ষা করা সম্ভব নয় বিধায় পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে উক্ত বিষয় তিনটি পরীক্ষা নিরীক্ষাপূর্বক ওয়ারপোর কারিগরী কমিটির সুপারিশ নিয়ে ১৪তম সভায় উপস্থাপনের জন্য নির্দেশন দেন। সেই আলোকে উক্ত কমিটি বিষয় তিনটি পরীক্ষা নিরীক্ষা করে এবং কারিগরী কমিটির ৩য় সভায় উপস্থাপন করা হয়। কারিগরী কমিটি কার্যপদ্ধতি ২টি অনুমোদনের জন্য সুপারিশ করেন এবং তহবিল বিধিমালা-২০১৪ অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন।

ওয়ারপোর তহবিল কিভাবে ব্যবহৃত হবে সে বিষয়ে একটি সংক্ষিপ্ত আলোচনায় বিভিন্ন সদস্য অংশ নেন। এ পর্যায়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় জানান, প্রস্তাবিত পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সংশোধন কমিটি তহবিল সম্পর্কিত কমিটি উক্ত আইনের আওতাধীন যাবতীয় বিধি-বিধান, কার্যপদ্ধতি পর্যালোচনা করবে। তিনি প্রস্তাবিত বিষয় তিনটি অনুমোদনের এ পর্যায়ে প্রয়োজন নেই বলে মত দেন। উক্ত বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সংশোধনের সময় কার্যপরিধি, তহবিল ইত্যাদি বিষয়সমূহ বিবেচনায় এনে সংশোধনের পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-৫: পরিচালনা বোর্ডের বিগত সভার পর ওয়ারপো কর্তৃক সম্পাদিত কার্যাবলীর বিবরণী উপস্থাপন**

**আলোচনা:**

ওয়ারপোর মহাপরিচালক পরিচালনা বোর্ডের ১৩তম সভার পর ওয়ারপো কর্তৃক সম্পাদিত কার্যাবলীর বিবরণী উপস্থাপনের জন্য ওয়ারপোর পরিচালক (পরিকল্পনা) কে অনুরোধ করেন।

ওয়ারপোর পরিচালক (পরিকল্পনা) পরিচালনা বোর্ডের ১৩তম সভার পর ওয়ারপো কর্তৃক সম্পাদিত কার্যাবলীর বিবরণী উপস্থাপন করেন। পরিচালক (পরিকল্পনা) উল্লেখ করেন ওয়ামিপ প্রকল্পের আওতায় "Assessment of State of Water Resources" শীর্ষক কর্মকান্ড এর আওতায় দেশের ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি সম্পদ নিরূপন (Assessment of State of Water Resources) করা হবে যা ভবিষ্যতে জলবায়ুর পরিবর্তনের ফলে ঝুঁকি মোকাবেলাসহ এনডব্লিউএমপি হালনাগাদের কাজে লাগবে। এ কার্যক্রমের জন্য ওয়ারপো, আইডব্লিউএম এবং কয়েকজন আন্তর্জাতিক পরামর্শকের সহিত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। জুন ২০১৫ নাগাদ এই কার্যক্রম শেষ হবে। এ পর্যায়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় পানি সম্পদ নিরূপন ও পর্যালোচনা বিষয়ে জানতে চান। এ প্রসঙ্গে মন্ত্রী মহোদয় ভূ-গর্ভস্থ পানি ব্যবহার ও পানি সমতল ক্রমনিম্নগামিতা বিষয়ে এক প্রশ্নের উত্তরে পরিচালক (পরিকল্পনা) বলেন চলমান ভূ-গর্ভস্থ পানি সম্পদ নিরূপন ও পর্যালোচনায় বিগত দশকের পানির ব্যবহার ও পানি সমতলের

ক্রমনিম্নগামিতা পর্যালোচনা করা হবে এবং দেশব্যাপী এ পর্যালোচনা থেকে ভবিষ্যত দিক নির্দেশনা পাওয়া যাবে। এ পর্যায়ে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় ভূ-গর্ভস্থ পানি সম্পদ বিষয়ক তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে প্রকাশ না করার জন্য নির্দেশনা দেন।

মহাপরিচালক, ওয়ারপো উল্লেখ করেন যে, ওয়ারপো লাইব্রেরী ডিজিটালাইজেশন করার লক্ষ্যে দীর্ঘদিন যাবৎ বিভিন্ন দুর্লভ/দুস্প্রাপ্য, মূল্যবান বই, রিপোর্ট এবং নক্শা ডিজিটাল ফর্মেটে রূপান্তর করে ওয়ারপো'র সার্ভারে সংরক্ষণ করা হচ্ছে। অক্টোবর ২০১৩ হতে ২০ জানুয়ারী, ২০১৪ পর্যন্ত ১৪৫টি (৩২ হাজার পৃষ্ঠা) ফ্যাপ রিপোর্ট স্ক্যান করা হয়েছে এবং ডিজিটাল ফর্মেটে রূপান্তর করা হয়েছে। উল্লেখ্য, জানুয়ারী ২০১১ হতে অদ্যাবধি মোট ৪৪৭টি MPO ও FAP রিপোর্ট ডিজিটাল করা হয়েছে।

জাতীয় তথ্য-উপাত্ত ভান্ডার এবং লাইব্রেরী নথী পত্র ও রিপোর্ট সংরক্ষণ বিষয়ে উল্লেখ করে সচিব, সড়ক ও জনপথ বিভাগ বলেন, লাইব্রেরী এর নথী ও রিপোর্ট এর প্রচলিত পদ্ধতিতে আর্কাইভ স্থাপন এবং যশোহর এ স্থাপিত ভূমিকম্পন থেকে রক্ষা পায় এমন ICT কর্তৃক স্থাপিত ব্যবস্থাদির অনুরুপ Back up এর পাশাপাশি জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার রক্ষা করা প্রয়োজন বলে উল্লেখ করেন।

অতঃপর মাননীয় পানি সম্পদ মন্ত্রী বাংলাদেশের নদ-নদী অববাহিকার উজান থেকে নেমে আসা বিপুল পলি ব্যবস্থাপনা ও ভূমি পূনরুদ্ধার বিষয়ে সমীক্ষা পরিচালনার জন্য ওয়ারপোকে পরামর্শ দেন।

সভাপতি মহোদয় ওয়ারপোর পরিচালনা বোর্ডের সভা বছরে দুইটি, নিয়মিতভাবে করার জন্য নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত:**

(ক) ভূ-গর্ভস্থ পানি বিষয়ক তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে প্রকাশ করা যাবে না।
(খ) উজান থেকে নেমে আসা পলি ব্যবস্থা ও ভূমি পূনরুদ্ধার সম্পর্কিত সমীক্ষা পরিচালনা করতে হবে।
(গ) আর্কাইভ এ পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মূল্যবান তথ্যাদি ও রিপোর্ট সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(ঘ) ওয়ারপোর পরিচালনা বোর্ডের সভা ৬ মাস অন্তর অন্তর আয়োজনের ব্যবস্থা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদুর রহমান)
মহাপরিচালক
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
ও
সদস্য-সচিব, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

০৪.০২.১৪
(আনিসুল ইসলাম মাহ্মুদ)
মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

*I:\MAAS\Minutes\BoG\BoG Minutes 14th meeting.doc*

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র পরিচালনা বোর্ডের ১৪তম সভা

সভাপতি : জনাব আনিসুল ইসলাম মাহমুদ, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
তারিখ : ২৯-০১-২০১৪ খ্রিঃ
সময় : ১১:০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ (কক্ষ নং-৪০৬), পানি সম্পদ মন্ত্রণালয়

| ক্রমিক নং | নাম ও পদবী | দপ্তর | টেলিফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | এম. এ. এন. সিদ্দিক সচিব | [illegible] | | |
| ২. | [illegible] | পানি সম্পদ মন্ত্রণালয় | - | |
| ৩. | এম. এ. [illegible] অতিরিক্ত সচিব | পানি সম্পদ মন্ত্রণালয় - | ৯৫৪৫২০০ | ২৯/১/২০১৪ |
| ৪. | মোহাম্মদ নজরুল ইসলাম অতিরিক্ত সচিব | কৃষি মন্ত্রণালয় | | |
| ৫. | মো: [illegible] অতি: সচিব | [illegible] মন্ত্রণালয় | ৯৫৪৭১১৫ | |
| ৬. | উজ্জ্বল বিকাশ দত্ত | [illegible] অতি: [illegible] | | |
| ৭. | [illegible] অতিরিক্ত সচিব | [illegible] | ৯৫১৫৬২৫ | |
| ৮. | মো: মাহফুজুর রহমান মহাপরিচালক | ওয়ারপো | ৯৫৭২৭৮ | ২৯/১ |
| ৯. | | | | |
| ১০. | | | | |